



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট
www.sylhetboard.gov.bd



স্মারক নং- ৩৭.১৪.৯১০০.৩০০.৫১.০০২.২০-১৩১৭

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ ১৪৩১
২২ মে ২০২৪

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহের ভর্তি সংক্রান্ত ESGV তথ্য <https://esvg2024.xiclassadmission.gov.bd/> সাইট-এ প্রকাশ করা হয়েছে। প্রতিষ্ঠানসমূহ বর্তমান ইউজার নেম (EIIN) ও পাসওয়ার্ড ব্যবহার করে ভর্তি সংক্রান্ত ESGV তথ্য যাচাই করতে পারবে। প্রকাশিত তথ্যে গড়মিল থাকলে কিংবা অনুমোদিত কোন প্রতিষ্ঠানের নাম না থাকলে প্রয়োজনীয় প্রমাণপত্রসহ আগামী ২৩/০৫/২০২৪ তারিখের মধ্যে ই-মেইলে (bisecollegesection@gmail.com) বা সরাসরি লিখিতভাবে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা গেল। প্রকাশিত তথ্য সম্পর্কে নির্ধারিত তারিখের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক কোনরূপ সংশোধনের জন্য অত্র শিক্ষা বোর্ডকে অবহিত করা না হলে প্রকাশিত তথ্যই ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য প্রযোজ্য বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, ভর্তি কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রমে জরুরী ভিত্তিতে যোগাযোগের জন্য অত্র শিক্ষা বোর্ড থেকে সরবরাহকৃত মোবাইল সিমাটি সার্বক্ষণিক সচল রাখার জন্য অনুরোধ করা গেল।

অনলাইনে ভর্তি কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

ই-মেইল : bisecollegesection@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর

আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ভূক্ত সকল কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো-

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

৩। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল)।

৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।